নেত্রকোণা বিশ্ববিদ্যালয়ে অনুষ্ঠিত হলো ‘সিএসই ফেস্ট-২০২৫’

নেত্রকোণা বিশ্ববিদ্যালয়ের সিএসই বিভাগের উদ্যোগে ‘NeU CSE FEST- 2025’ এর আয়োজন করা হয়েছে। দুই দিন-ব্যাপী অনুষ্ঠানে রয়েছে প্রজেক্ট শোকেজিং, স্পোর্টস, ওয়ার্কশপ (রোবোটিকস্ এন্ড আইওটি), আইটি অলিম্পিয়াড (অন্তঃবিশ্ববিদ্যালয়) এবং আন্তঃবিশ্ববিদ্যালয় প্রোগ্রামিং কনটেস্ট-সহ মোট পাঁচটি ইভেন্ট।

‘NeU CSE FEST-2025’ এর প্রথম পর্ব অনুষ্ঠিত হয় আজ। সকাল ৯:৩০ টায় আইটি অলিম্পিয়াডের মাধ্যমে প্রথম পর্বের শুভ সূচনা হয়। এ সময় উপস্থিত ছিলেন সিএসই বিভাগের চেয়ারম্যান জনাব আব্দুল্লাহ আল সিয়াম, জনাব মো: আনোয়ারুল ইসলাম, জনাব মাফিউল হাসান মতিন, জনাব কোহিনুর পারভীন এবং জনাব ফরিদা সিদ্দিকী প্রীতি।

দ্বিতীয় পর্ব ‘স্পোর্টস ইভেন্ট’ শুরু হয় দুপুর ১টায়। স্পোর্টস ইভেন্টের উদ্বোধন করেন নেত্রকোণা বিশ্ববিদ্যালয়ের মাননীয় উপাচার্য অধ্যাপক ড. খন্দকার মোহাম্মাদ আশরাফুল মুনিম। এসময় উপস্থিত ছিলেন বিশ্ববিদ্যালয়ের ট্রেজারার অধ্যাপক ড. আনিছা পারভীন, রেজিস্ট্রার ড. হারুন-অর-রশিদ এবং বিভিন্ন বিভাগের শিক্ষক-শিক্ষার্থী-কর্মকর্তা-কর্মচারী। সিএসই বিভাগের শিক্ষক-শিক্ষার্থীদের পরিচালনায় স্পোর্টস ইভেন্টটি সফলভাবে সম্পন্ন হয়। বিকাল ৪ টায় সিএসই বিভাগের শিক্ষার্থীদের অংশগ্রহণে অনুষ্ঠানের ৩য় পর্ব ‘প্রজেক্ট শোকেজিং’ অনুষ্ঠিত হয়। এই ইভেন্ট পরিদর্শন করেন নেত্রকোণা বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক ড. খন্দকার মোহাম্মাদ আশরাফুল মুনিম, ট্রেজারার অধ্যাপক ড. আনিছা পারভীনসহ আরও অনেকে। উৎসবমুখর পরিবেশের মধ্য দিয়ে শেষ হয় ‘NeU CSE FEST-2025’ এর প্রথম দিনের তিনটি ইভেন্ট সফলভাবে সম্পন্ন হয়েছে। এ অনুষ্ঠানের দ্বিতীয় দিনের কার্যক্রম এবং সমাপনী অনুষ্ঠান অনুষ্ঠিত হবে আগামীকাল ২৭ ফেব্রুয়ারি। সেখানে থাকছে ‘ওয়ার্কশপ’ (রোবটিক্স এন্ড আইওটি) এবং আন্তঃবিশ্ববিদ্যালয় প্রোগ্রামিং কনটেস্ট। উল্লেখ্য, উক্ত কনটেস্টে অংশগ্রহণ করতে যাচ্ছে, ময়মনসিংহ রিজিওনের ৪টি বিশ্ববিদ্যালয়ের মোট ৩১টি টিম। বিষয়টি নিঃসন্দেহে প্রশংসার দাবিদার।